



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৫৪.২০.৪৪

তারিখ: ২ মাঘ ১৪২৭

১৬ জানুয়ারি ২০২১

বিষয়: লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন দল্টা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব এ এ এম মোস্তাক আহম্মেদ দুইটি পদে কর্মরত থাকা প্রসঙ্গে।

লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন দল্টা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব এ এ এম মোস্তাক আহম্মেদ কে উপাধ্যক্ষের পদ হতে অব্যাহতির জন্য অত্র কলেজের প্রভাষক অর্থনীতি মোঃ মহসীন আবেদন করেন।

আবেদনের বিবরণ: দল্টা ডিগ্রি কলেজের ডিগ্রি স্তর খোলার সময় উপাধ্যক্ষ পদে একই কলেজের ইসলামের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক জনাব এ.এ. এম মোস্তাক আহম্মদ কে নিয়োগ দেওয়া হয়। তিনি উপাধ্যক্ষ পদে যোগদান করেও অদ্যাবধি সহকারী অধ্যাপকের পদ থেকে অব্যাহতি নেননি। তাহার ইনডেক্স নং ৪১৪৪৭৭। প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার হিসেবে তিনি অত্র কলেজের অন্যান্য শিক্ষকদের সাথে অবৈধভাবে নিয়মিত অশিক্ষিক সুলভ আক্রমণাত্মক অসাদাচরণ করে চলছেন। তাকে উপাধ্যক্ষ পদ থেকে অব্যাহতি প্রদানের জন্য আপনার আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য। বর্ণিত বিষয়ে অধ্যক্ষ এর ব্যাখ্যা প্রদানের জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ পত্রের জবাব দাখিল করেন।

অধ্যক্ষের জবাব: কলেজটি উচ্চ মাধ্যমিক স্তরে এমপিওভুক্ত। ২০১৪ সালে ডিগ্রি স্তরে উপাধ্যক্ষ ও বিষয় ভিত্তিক শিক্ষক নিয়োগ করা হয়। উক্ত নিয়োগ উচ্চ মাধ্যমিক পর্যায়ের এমপিওভুক্ত সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) জনাব এ.এ.এম মোস্তাক আহমেদ কে নিয়োগ দেয়া হয়। তিনি পূর্ব পদ থেকে পদত্যাগ করে যোগদানের জন্য আসেন, আমি গভর্নিং বডি'র চাপে তাকে পূর্ব পদের পদত্যাগ ছাড়াই যোগদান পত্র গ্রহণ করতে বাধ্য হই। তিনি দুইটি পদেই নিয়োজিত আছেন এবং উভয় পদের বিপরীতে প্রতিষ্ঠান থেকে ভাতা গ্রহণ করেন।

জনবল কাঠামো ২০১৮ এর ১১.১০ এর (ক) মোতাবেক বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক-কর্মচারীগণ একইসাথে একাধিক পদে চাকুরিতে বা আর্থিক লাভজনক কোন পদে নিয়োজিত থাকতে পারবেন না।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে এ এম মোস্তাক আহম্মদের বিরুদ্ধে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ও গভর্নিং বডি'র বিরুদ্ধেও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৬-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

১) সভাপতি, গভর্নিং বডি, দল্টা ডিগ্রি কলেজ, লক্ষ্মীপুর।


২) এ এ এম মোস্তাক আহম্মেদ, সহকারী অধ্যাপক ও
উপাধ্যক্ষ, দল্টা ডিগ্রি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৫৪.২০.৪৪/১

তারিখ: ২ মাঘ ১৪২৭
১৬ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অধ্যক্ষ, দল্টা ডিগ্রি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।



১৬-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক